# জলঢাকা পৌরসভা কার্যালয়

জলঢাকা, নীলফামারী।

E-mail : jal.poura@yahoo.com & Website: pourashava.jaldhaka.nilphamari.gov.bd


- নিয়মিত পৌর কর পরিশোধ করুন।
- জন্ম মৃত্যু নিবন্ধন করুন।
- আপনার শিশুকে টিকা দিন।
- ট্রেড-লাইসেন্স নিয়ে ব্যবসা করুন।
- শহর পরিস্কার-পরিচ্ছন্ন রাখুন।

স্মারক নং-জলঃ/পৌরঃ/প্রকৌঃ/২০২৫/২৬২ তারিখঃ-১৭/০৭/২০২৫ ইং।

## ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের জলঢাকা পৌরসভার ঠিকাদারী লাইসেন্স নবায়ন/নতুন তালিকাভূক্তিকরণ বিজ্ঞপ্তিঃ-

এতদ্বারা সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ও আগ্রহী সংশ্লিষ্ট প্রকৃত ব্যাক্তি বা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সংশোধিত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ মোতাবেক ২০২৫-২০২৬ইং অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও নতুন তালিকাভূক্তির জন্য নির্ধারিত ফর্মে শর্ত পূরণ পূর্বক নিম্নে বর্নিত তারিখের মধ্যে আবেদন পত্র দাখিল করতে হবে এবং নির্ধারিত আবেদনের বিপরীতে নতুন তালিকাভূক্তি বিবেচিত হলে নির্ধারিত ফি, প্রশাসক, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারীর অনুকুলে যে কোন তফশীল ভূক্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত বিডি/পে-অর্ডার আকারে পার্শ্বে বর্ণিত তারিখের মধ্যে প্রকৌশল বিভাগে জমা প্রদান করতে হবে। নবায়নের ক্ষেত্রে ও বিডি/পে-অর্ডার দাখিল করতে হবে। নির্ধারিত আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে ছুটির দিন ব্যতিরেকে প্রকৌশল বিভাগ হইতে (নির্ধারিত মূল্যে নতুন তালিকাভূক্তির ক্ষেত্রে) পাওয়া যাবে।

| নতুন তালিকাভূক্তি ফি | নবায়ন ফি | আবেদন পত্র জমার শেষ তারিখ (জরিমানা ব্যতিত) | জরিমানাসহ ফি | | | নবায়ন ১০০% জরিমানা এবং নতুন তালিকাভূক্তি ৩০% জরিমানাসহ ফি | ফি জমার উপর ভ্যাট ও উৎসে কর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৫০০০/- | ৩০০০/- | ৩১/০৭/২০২৫ইং | নতুন তালিকাভূক্তি | নবায়ন | জমার শেষ তারিখ | জমার শেষ তারিখ | ১৫%+৫% |
| | | | ৫০০০+২০% | ৩০০০+৫০% | ৩১/১২/২০২৫ইং | ৩০/০৬/২০২৬ইং | |

### শর্তাবলীঃ

০১. আবেদনের সঙ্গে হালসনের আয়কর পরিশোধের সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ, অত্র পৌরসভার ট্রেড-লাইসেন্স (আবশ্যিক), নাগরিকত্ব সনদ, ভ্যাট ও আয়কর জমার চালানের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

০২. আবেদকারীর বাড়ী/দোকান/স্থাপনার পৌরকর (স্ব-স্ব পৌরসভা/সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ কতৃক প্রদত্ত) পরিশোধের কপি/রশিদ সংযুক্ত করিতে হবে।

০৩. আবেদন ফরম প্রকৌশল বিভাগ হতে (নির্ধারিত মূল্যে নতুন তালিকাভূক্তির ক্ষেত্রে) পাওয়া যাইবে।

**০৪. নতুন তালিকাভূক্তির ক্ষেত্রে আবেদনের সাথে পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত রঙ্গিন ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্তি করিতে হইবে।**

০৫. অন্য দপ্তরের তালিকাভূক্তি/ঠিকাদারী লাইসেন্স বহির ফটোকপি দাখিল করিতে হইবে এবং সে সঙ্গে বিগত সময়ের ঠিকাদারী কাজের অভিজ্ঞতার সনদ (যদি থাকে) দাখিল করিতে হইবে।

০৬. নতুন আবেদন যথাযথ ভাবে বিবেচিত হইলে অতঃপর উহার নির্ধারিত ফি জমা যোগ্য হবে।

০৭. নির্ধারিত শেষ দিন অনিবার্য কারন বসত সরকারী ছুটি ঘোষিত হলে পরবর্তী অফিস কার্যদিবস আবেদন জমার শেষ দিন গণ্য হবে।

০৮. সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে প্রকৌশল বিভাগ হইতে জানা যাইবে।

০৯. সংশ্লিষ্ট বিষয়ে পৌর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে।

(কামাল আহমেদ)
নির্বাহী প্রকৌশলী
জলঢাকা পৌরসভা
জলঢাকা, নীলফামারী।

স্মারক নং-জলঃ/পৌরঃ/প্রকৌঃ/২০২৫/২৬২/৫৩ তারিখঃ- ১৭/০৭/২০২৫ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি সহ কার্যার্থেঃ-

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
০৪। প্রশাসক, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
০৫। সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
০৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/অফিসার ইনচার্জ/উপজেলা প্রকৌশলী, এলজিইডি/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সদস্য পৌরসভার কর্মসম্পাদনে সহায়তা সমন্বয়ক কমিটি, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
০৭। আবাসিক প্রকৌশলী, NESCO, জলঢাকা, নীলফামারী।
০৮। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, জলঢাকা, নীলফামারী।
০৯। পৌর নির্বাহী কর্মকর্তা, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
১০। সহকারী প্রকৌশলী, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
১১। হিসাব রক্ষক, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
১২। সহকারী লাইসেন্স পরিদর্শক, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
১৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নীলফামারী বার্তা, তাকে উক্ত বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ২০/০৭/২০২৫ইং তারিখের মধ্যে একদিন, ভিতরের পাতায় (৪"×৬"কলাম সাইজে) আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১৪। জনাব/মেসার্স. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
১৫। নোটিশ বোর্ড অত্র অফিস।
১৬। অফিস কপি।

17/07/25

(কামাল আহমেদ)
নির্বাহী প্রকৌশলী
জলঢাকা পৌরসভা
জলঢাকা, নীলফামারী।